


বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(২০২১ ইং সনের ২৯১ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২০শে ডিসেম্বর, ২০২১খ্রীঃ তারিখ
রোজ সোমবার হইতে ১লা জানুয়ারী, ২০২২খ্রীঃ তারিখ রোজ শনিবার পর্যন্ত হাইকোর্ট
বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্ন উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ গঠন করা হইলঃ

১। বিচারপতি মোহাম্মদ আলী

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির
বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে
দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ ক্রম অনুযায়ী শুনানীর জন্য অনুর্ধ্ব
৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে
অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে
দেওয়ানী ক্রম ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং
একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ
আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা
সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক “নির্বাচনী” আবেদনপত্র; যে সব বিষয়
এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তে বিষয়াদি সংক্রান্ত ক্রম ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রীঃ তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল
প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।


প্রধান বিচারপতি
বাংলাদেশ

তারিখঃ-১৯/১২/২০২১ইং

প্রচারের জন্য :-

১। বিচারপতি মোহাম্মদ আলী